



স্মারক নং- এইচএসপি/প্রশিক্ষণ/২৩/২০২০/(অংশ-১)/২১/১১১

তারিখ: ২৮.০৯.২০২১ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র উদ্যোগে ২০২১-২২ অর্থবছরে উপজেলা/থানা পর্যায়ে অনলাইন প্ল্যাটফর্ম 'জুম অ্যাপ' এর মাধ্যমে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীদের তথ্য যাচাই প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র (এইচএসপি) উদ্যোগে ১৮.০৮.২০২১ খ্রি. থেকে ১৬.০৯.২০২১ খ্রি. পর্যন্ত মোট ২১টি উপজেলায় ৩৮টি ব্যাচে অনলাইন প্ল্যাটফর্ম 'জুম অ্যাপ' এর মাধ্যমে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। উক্ত প্রশিক্ষণে অনলাইনে গুগল ফর্মের মাধ্যমে রেজিস্ট্রেশনকৃত কতিপয় অংশগ্রহণকারীদের তথ্যাদিতে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক ইতোপূর্বে দাপ্তরিকভাবে প্রেরিত তালিকার সাথে মিল না থাকা, মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর (বিকাশ/রকেট/নগদ) পরিবর্তিত হওয়া এবং অন্যান্য অপ্রাসঙ্গিক তথ্য প্রদান করা হয়েছে। ফলে প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সম্মানী ও কানেক্টিভিটি বিল প্রেরণে সমস্যা হচ্ছে। উল্লেখ্য, প্রশিক্ষণের নির্ধারিত দিনে অনলাইনে গুগল ফর্ম রেজিস্ট্রেশনকৃত উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, স্কিমভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠান প্রধান এবং প্রতিষ্ঠান ব্যবস্থাপনা কমিটির সভাপতি/একজন সদস্যকেই সম্মানী এবং কানেক্টিভিটি বিল প্রদান করা হবে। এমতাবস্থায় উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক প্রশিক্ষণ পূর্ববর্তী দাপ্তরিকভাবে প্রেরিত তালিকা অনুযায়ী রেজিস্ট্রেশনকৃত অংশগ্রহণকারীদের তথ্য যাচাই করে আগামী ৩০.০৯.২০২১ খ্রি. তারিখের মধ্যে তথ্যাদির সফটকপি এক্সেল সিটে ও পিডিএফ কপি প্রশিক্ষণ শাখার ই-মেইল (hsp.tng.edu@gmail.com) এবং হার্ডকপি শিরোনামে উল্লিখিত ঠিকানায় প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

০২. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক যাচাইকৃত তথ্যাদির ভিত্তিতে প্রশিক্ষণের যোগ্য অংশগ্রহণকারীদের সম্মানী ও কানেক্টিভিটি বিল পরবর্তীতে অংশগ্রহণকারীদের মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর (বিকাশ/রকেট/নগদ) এ প্রেরণ করা হবে।

সংযুক্তি:

- ১। অনলাইনে গুগল ফর্মে রেজিস্ট্রেশনকৃত অংশগ্রহণকারীদের তালিকার কপি।
- ২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক প্রেরিত অংশগ্রহণকারীদের তালিকার কপি।

(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

উপজেলা/থানা.....জেলা.....

স্মারক নং- এইচএসপি/প্রশিক্ষণ/২৩/২০২০/(অংশ-১)/২১/১১১/১১১

তারিখ: ২৮.০৯.২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৭। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল উপজেলা)।
- ৯। জেলা শিক্ষা কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল জেলা)।
- ১০। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল উপজেলা/থানা)।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ১২। সিস্টেম এনালিস্ট, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ১৩। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ১৪। সংরক্ষণ নথি।

(শ.ম. সাইফুল আলম)
উপপরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি।